তারিখ: 27 SEP 2016
পৃষ্ঠা: ৩ কলাম: ৬

প্রথম আলো

ঢাকা বিশ্ববিদ্যালয়

# খ ইউনিটের ভর্তি পরীক্ষায় পাসের হার ১১.৪৩%

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে (সম্মান) কলা অনুষদের অধীন খ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এতে ৪১টি বিভাগে ২ হাজার ৩৩৩টি আসনের বিপরীতে উত্তীর্ণ হয়েছেন ৩ হাজার ৮০০ জন পরীক্ষার্থী। পাসের হার ১১ দশমিক ৪৩ শতাংশ।

গতকাল সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশ করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, কলা অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বেগম আকতার কামাল, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ প্রমুখ উপস্থিত ছিলেন।

পরীক্ষার্থীরা যেকোনো মোবাইল অপারেটর থেকে du স্পেস kha স্পেস roll number লিখে ১৬৩২১ নম্বরে খুদেবার্তা (এসএমএস) পাঠিয়ে ফল জানতে পারবেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http ://admission.eis.du.ac.bd/) গিয়েও ফল জানা যাবে।

গত শুক্রবার খ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।